(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd

----

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.২০৭৭

তারিখ: ৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **"চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ" শীর্ষক প্রকল্পের আওতায় অস্ট্রেলিয়া হতে ২২৫টি শংকর জাতের গর্ভবতী বকনা আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১। প্রকল্প পরিচালক, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, ঢাকা সেনানিবাস এর ১৯/১২/২০২৪ তারিখের ২৩.০১.৯০১.০৬২.০৫.০১৪.০১.১৯.১২.২৪ সংখ্যক পত্র।
২। প্রকল্প পরিচালক, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, ঢাকা সেনানিবাস এর ২২৫টি ক্রস ব্রীড গর্ভবতী বকনা সরবরাহের কার্যাদেশ নং- ২৩.০১.৯০১.০৬২.০৫০৪৯.০১.২৩.০৫.২৪; তারিখঃ ২৩ মে ২০২৪।
৩। প্রকল্প পরিচালক, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, ঢাকা সেনানিবাস এর ২০ নভেম্বর ২০২৪ তারিখের সরবরাহ সময়সীমা বৃদ্ধিকরণ সংক্রান্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এবং পশুরোগ বিধিমালা-২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধি ও পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণ পূর্বক সূত্রোক্ত ২ নং ক্রমিকে বর্ণিত কার্যাদেশ মোতাবেক চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্লের আওতায় মিলিটারি ফার্ম চট্টগ্রাম, মিলিটারি ফার্ম কুমিল্লা, মিলিটারি ফার্ম ময়মনসিংহ (ত্রিশাল)-এ সরবরাহের জন্য ২২৫টি শংকর জাতের গর্ভবতী বকনা (০৩-০৫ মাসের গর্ভবতী) নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে অস্ট্রেলিয়া থেকে আমদানির নিমিত্ত Pre-Shipment Inspection (PSI) সম্পন্ন করার লক্ষ্যে **সাময়িক (Provisional)** আমদানির অনুমতি প্রদান করা হলো:

**উল্লেখ্য যে,** পরবর্তীতে চাহিত সকল কাগজ পত্রাদি দাখিল সাপেক্ষে চুড়ান্ত আমদানির অনুমতি প্রদান করা হবে।

**শর্তাবলী:**

০১। WOAH Guideline এবং বাংলাদেশ Animal Disease Act-2005 & Animal Disease Rule-2008 অনুযায়ী আমদানীতব্য ১৫ টি Breeding Animals (Holstein Friesian Heifers) TB, Brucellosis, Leptospirosis, BVD, Aspergillosis সহ অন্যান্য সকল Disease এবং যে কোন Abnormalities মুক্তমর্মে যুক্তরাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি Breeding Animals (3-5 Months Pregnant Heifers) এর Health Certificate অধিদপ্তরে দাখিলসহ আমদানিকালীন সময়ে কোয়ারেন্টাইন ষ্টেশনে দাখিল করতে হবে।

০২। আমদানিতব্য Pregnant Heifers ক্ষতিকারক Ecto and Endoparasites মুক্ত হতে হবে।

০৩। আমদানিতব্য Breeding Animals (3-5 Months Pregnant Heifers) এর Ear Tag/ID নম্বর অধিদপ্তর কর্তৃক অনুমোদনকৃত Ear Tag/ID নম্বর এর সাথে মিল আছে কি-না তা কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের নিকট নিশ্চিত করতে হবে।

০৪। Shipment এর পূর্বে রোগমুক্ত মর্মে কোয়ারেন্টাইন সার্টিফিকেট দাখিল করতে হবে এবং আমদানিতব্য Breeding Animals (3-5 Months Pregnant Heifers) আমদানির পর আমদানিকারকের খরচে ও তত্ত্বাবধানে কোয়ারেন্টাইন আইন-২০০৫ এর ৬ নং আইন অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন Breeding Animals (3-5 Months Pregnant Heifers) রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।

০৫। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

০৬। খামার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

০৭। Breeding Animals (3-5 Months Pregnant Heifers) গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট কর্মকর্তা ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন।

০৮। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৯। এ আদেশ সূত্রোক্ত ৩ নং ক্রমিকে বর্ণিত পত্রের সময় সীমা পর্যন্ত বলবৎ থাকবে।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি

০৫-০১-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

প্রকল্প পরিচালক
সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, ঢাকা সেনানিবাস।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.২০৭৭/১ (৭)

তারিখ: ৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। কমিশনার কাস্টমস হাউস, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা।
৪। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
৫। অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৬। জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড, ৮৬, মনিপুরীপাড়া, তেজগাওঁ, ঢাকা-১২১৫।
৭। অফিস কপি, ।

০৫-০১-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক